

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ মার্চ' ২০২৩খ্রি.

### চট্টগ্রামের বিনিয়োগ সম্ভাবনাকে কাজে লাগাতে চায় বেলজিয়াম

চট্টগ্রামের বিনিয়োগ সম্ভাবনাকে কাজে লাগাতে চায় বেলজিয়াম আর এক্ষেত্রে পূর্ণ সহায়তার আশ্বাস দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার বেলজিয়ামের রাষ্ট্রদূত দিদিয়ের ভাস্তেরহেসেন্ট চট্টগ্রাম সিটি কর্পোরেশনে মেয়রের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় মেয়র বলেন, চট্টগ্রাম প্রতিহাসিকভাবেই বন্দর ও বাণিজ্য নগরী হিসেবে বিখ্যাত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের এই বাণিজ্য সম্ভাবনাকে কাজে লাগাতে টানেল নির্মাণ থেকে বন্দরের সক্ষমতা বৃদ্ধিসহ বিভিন্ন খাতে বিশাল বিনিয়োগ করেছেন। বিশেষ করে প্রধানমন্ত্রী চট্টগ্রামের উন্নয়নে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন। এ প্রকল্পের মাধ্যমে চট্টগ্রামে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে যা চট্টগ্রামকে বিশ্বের বাণিজ্যিক হাবে পরিণত করবে। বেলজিয়াম চট্টগ্রামে বিনিয়োগ করে আর্থিকভাবে লাভবান হতে পারে। এক্ষেত্রে আমি পূর্ণ সহযোগিতা করব।

বেলজিয়ামের রাষ্ট্রদূত বলেন, ইউরোপীয় ইউনিয়নের দ্বিতীয় বৃহৎ বন্দরের মালিক বেলজিয়াম। চট্টগ্রামের বন্দর ও যোগাযোগ ব্যবস্থা এবং বিনিয়োগ সম্ভাবনা যাচাই করতে আমরা চট্টগ্রামে এসেছি এবং পর্যবেক্ষণ থেকে চট্টগ্রামে বিনিয়োগের ব্যাপারে আমরা অত্যন্ত ইতিবাচক।

“বর্তমানে বাংলাদেশে বেলজিয়ামের বেশ কিছু বাণিজ্যিক প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনা করছে। ভবিষ্যৎে বেলজিয়ামের আরো অনেক প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা আছে। বিশেষ করে ভারী শিল্প এবং প্রযুক্তিখাতে বেলজিয়ামের অভিজ্ঞতা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।”

সভায় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ, বেলজিয়ামের বাণিজ্য বিষয়ক কর্মকর্তা বুর্বন্দ এবং বাংলাদেশে বেলজিয়ামের সাথে দ্বিপক্ষিক বাণিজ্য পরিচালনাকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ।

### সজ্জনরা সাংবাদিকতায় আসলে দেশ বদলাবে: চসিক মেয়র

সজ্জন ব্যক্তিরা সাংবাদিকতার মাধ্যমে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যোগাযোগ ও সাংবাদিকতা এলামনাই এসোসিয়েশনের সাথে সৌজন্য সাক্ষাৎকারে এ মন্তব্য করেন।

মেয়র বলেন, দেশ স্বাধীন করার ক্ষেত্রে গণমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। পরবর্তীতে রাজনৈতিককর্মী হিসেবে জাতির পিতার হত্যাকান্ডের পর জনগণকে সুসংগঠিত করতে গণমাধ্যমের সাথে নিবিড়ভাবে কাজ করে বুঝেছি জবাবদিহিতা আর স্বচ্ছতা নিশ্চিতে গণমাধ্যম অসাধারণ ভূমিকা রাখতে পারে। বিশেষ করে বর্তমানে দেশের উন্নয়নে যে বিপুল কর্মসূজ্জ চলছে তাকে সাফল্যমন্তিত করতে প্রয়োজন মুক্তিযুদ্ধের আদর্শে উজ্জীবিত সাংবাদিক সমাজ। সজ্জনরা সাংবাদিকতায় আসলে দেশ বদলাবে, আমরা গড়তে পারব ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত স্বপ্নের সোনার বাংলা।

এলামনাই এসোসিয়েশনের প্রতিনিধিরা জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাবেক শিক্ষার্থীরা দেশের গণমাধ্যম, উন্নয়ন ও যোগাযোগ সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোয় নেতৃত্ব প্রদানের মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখছে। বর্তমানে প্রযুক্তিগত পরিবর্তনের এ যুগে গণমাধ্যম জগৎকে এগিয়ে নিতে এ বিভাগের শিক্ষার্থীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সভায় এলামনাই এসোসিয়েশনের পক্ষে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যোগাযোগ ও সাংবাদিকতা এলামনাই এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ নজরুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি হামিদ উল্লাহ, সহ-সভাপতি মিয়া মোহাম্মদ আরিফ, সাধারণ সম্পাদক নূর উদ্দিন আলমগীর, সাংগঠনিক সম্পাদক রাশেদ এইচ চৌধুরী, সদস্য দিলরূবা রেনু এবং উন্নত সেনগুপ্ত। চসিকের পক্ষে উপস্থিত ছিলেন বিভাগের সাবেক শিক্ষার্থী চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রেজাউল করিম এবং জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ।

**কাউন্সিলর এসরারুল হকের পিতার মৃত্যুতে  
সিটি মেয়রের শোক**

চান্দগাঁও ওয়ার্ড কাউন্সিলর মো.এসরারুল হক এর পিতা আলহাজু মোহাম্মদ ইউছুফ এর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফিফরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-  
(আজিজ আহমদ)  
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।  
মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮